



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়



www.iau.edu.bd

iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং ইআবি/পত্রি/২০১৮/৬৮৫

তারিখঃ ১৬ আগস্ট ২০১৮ ইং

বিজ্ঞপ্তি


**ফাজিল (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এর কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য
অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা ওয়েবসাইটের মাধ্যমে লিপিবদ্ধকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফাজিল (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮ এর কেন্দ্রের অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা প্রত্যেক পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে লিপিবদ্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এতদসংক্রান্ত কার্যক্রম ও নিয়মাবলি নিম্নে প্রদত্ত হল-

নির্দেশিকাঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd অথবা center.iau.edu.bd এ প্রবেশ করুন।
- ওয়েবসাইটে প্রবেশের পর নিচে বামপাশে গুরুত্বপূর্ণ মেনুতে “অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা” লিখিত অংশে ক্লিক করুন। ক্লিক করার পর আপনি “অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধকরণ” সফটওয়্যার এর Login পেইজে প্রবেশ করবেন।
- প্রবেশ করার পর অবশ্যই “তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা” বাটন এ ক্লিক করুন এবং নির্দেশিকা অনুসরণ করুন।
- Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করবে।
- পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধ করতে হবে।

বিঃ দ্রঃ পরীক্ষা শেষ হওয়ার পর আপনার লিপিবদ্ধকৃত তথ্য প্রিন্ট করতে পারবেন। প্রিন্টকৃত কপিটি কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহরসহ অন্যান্য কাগজপত্রের সাথে পরীক্ষা শাখায় জমা দিতে হবে। কোনপ্রকার হাতেলেখা অনুপস্থিত ও বহিষ্কার লিপি জমা দেয়ার প্রয়োজন নেই। নির্দিষ্ট প্রিন্টকপি ছাড়া পরীক্ষা সম্পর্কিত কোন প্রকার কাগজ জমা নেয়া হবে না।


উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল-

- সংশ্লিষ্ট সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েবসাইটের মাধ্যমে)।
- আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অফিস নথি।